প্রাপক,

জনাব.......................................

সদস্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

বিষয় ঃ- ২০১৬-১৭ অর্থ বৎসরের হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক কুষ্টিয়া পৌরসভার নিরীক্ষা কার্য সম্পাদন প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ৩০/০৭/২০১৭ ইং তারিখ হতে ০৩/০৮/২০১৭ ইং তারিখ পর্যন্ত মঃ আঃ রহিম মিলনায়তনে ২০১৬-১৭ অর্থ বৎসরের হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক কুষ্টিয়া পৌরসভার নিরীক্ষা কার্য সম্পাদন করা হইবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ জানানো হইল।

২০-৭-১৭

(মোঃ মতিয়ার রহমান মজনু)

সভাপতি

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

২০১৬-২০১৭ অর্থ বৎসরের হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক কুষ্টিয়া পৌরসভার নিরীক্ষা কার্য সম্পাদনে উপস্থিত সদস্যদের নাম, কমিটিতে পদবী ও স্বাক্ষর ঃ-

ক্রমিক নং	নাম	কমিটিতে পদবী	স্বাক্ষর
১।	জনাব মোঃ মতিয়ার রহমান মজনু	সভাপতি	
২।	জনাব আনোয়ার আলী	সদস্য	
৩।	জনাব খন্দকার মাজেদুল হক	সদস্য	
৪।	জনাব তাসলিমা খাতুন	সদস্য	
৫।	জনাব মমতাজ জাহান	সদস্য	
৬।	জনাব আবুল কালাম আজাদ	সদস্য-সচিব	

কুষ্টিয়া পৌরসভা কার্যালয়
কুষ্টিয়া।

কুষ্টিয়া পৌরসভার ২০১৬-২০১৭ অর্থ বৎছরে খরচকৃত সকল বিল ভাউচার নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক নিরীক্ষা কর্যক্রম পৌরসভা মঃ আঃ রহিম মিলনায়তনে ৩০/০৭/১৭ ইং তারিখ হইতে ০৩/০৮/১৭ ইং তারিখ পর্যন্ত পরিচালিত হয়। নিরীক্ষা কার্যক্রম কার্য পরিচালনের সময় নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ও হিসাব শাখার নিম্ন লিখিত কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর ঃ-

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১।	জনাব মোঃ মতিয়ার রহমান মজনু	কাউন্সিলর	সভাপতি	
২।	জনাব আনোয়ার আলী	মেয়র	সদস্য	
৩।	জনাব খন্দকার মাজেদুল হক	কাউন্সিলর	সদস্য	
৪।	জনাব মমতাজ জাহান	কাউন্সিলর	সদস্য	
৫।	জনাব আবুল কালাম আজাদ	হিসাব রক্ষণ কর্মকর্তা	সদস্য-সচিব	
৬।	জনাব মোঃ সাইমুন সোহেল	হিসাব রক্ষক		

অডিট আপত্তির বিস্তারিত বিবরন ঃ-

আপত্তি নং-১
হোল্ডিং ট্যাক্স বকেয়া।

বিষয়বস্তু ঃ ২০১৬-২০১৭ অর্থ বৎসরে পর্যালোচনা করে দেখা যায় যে, ১১৫৬৮৯৯৯.০০ হোল্ডিং ট্যাক্স বকেয়া রয়েছে।

ফলাফল ঃ পৌরসভার আর্থিক ক্ষতি।

পৌরসভার জবাব ঃ আদায় প্রক্রিয়া অব্যাহতি রয়েছে। সমুদয় অর্থ আদায় করিয়া পৌর তহবিলে জমা করা হবে।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। বকেয়া অর্থ আদায়ের জন্য জোর প্রচেষ্টা চালানোর জন্য সুপারিশ করা হইল।

সুপারিশ ঃ নির্দিষ্ট অর্থ বৎসরেই সমুদয় অর্থ আদায় করা উচিৎ। বকেয়া অর্থ আদায় করিয়া অডিট কমিটিতে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হইল।

আপত্তি নং-২

পৌরসভার নিজস্ব তহবিল হইতে ৫০০.০০ টাকার উপরের খরচকৃত কতিপয় ভাউচারে রেভিনিউ ষ্ট্যাম্প পাওয়া যায় নাই।

বিষয়বস্তু ঃ কুষ্টিয়া পৌরসভা কার্যালয়ের ২০১৬-২০১৭ অর্থ বৎসরের হিসাব নিরীক্ষায় দেখা যায় যে, পৌরসভার নিজস্ব তহবিল হইতে ৫০০.০০ টাকার উপরের খরচকৃত কতিপয় ভাউচারে রেভিনিউ ষ্ট্যাম্প পাওয়া যায় নাই। কিন্তু ৫০০.০০ টাকার উপরের খরচে যে কোন ভাউচারের ক্ষেত্রে রেভিনিউ ষ্ট্যাম্প থাকা অবশ্যই প্রয়োজন।

ফলাফল ঃ সরকারের রাজস্ব ক্ষতি।

পৌরসভার জবাব ঃ ভুলবশতঃ কয়েকটি ভাউচারে রেভিনিউ ষ্ট্যাম্প লাগানো হয়নি। যা এখন লাগানো হয়েছে।

অডিট কমিটির মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। সরকারী নির্দেশ মোতাবেক বিল প্রদানের সময় রেভিনিউ ষ্ট্যাম্প লাগানো উচিৎ।

সুপারিশ ঃ আগামীতে ৫০০.০০ টাকার উপরের খরচকৃত ভাউচারে রেভিনিউ ষ্ট্যাম্প লাগানোর পর তা প্রমাণক অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

কুষ্টিয়া পৌরসভার কার্যালয়
কুষ্টিয়া।

নিরীক্ষা প্রতিবেদন

কুষ্টিয়া পৌরসভার অডিট এন্ড স্থায়ী কমিটি বিধিবিধান ও নির্দেশাবলী অনুসরণ এবং নির্ভরযোগ্যতা ও নির্ভুলতা নিশ্চিত করার উদ্দেশ্যে ৩০/০৭/১৭ ইং তারিখ হইতে ০৩/০৮/১৭ ইং তারিখ পর্যন্ত কুষ্টিয়া পৌরসভার হিসাব বিভাগ হইতে প্রাপ্ত সকল বিল ভাউচার এবং নথিপত্র পর্যালোচনা পূর্বক ২০১৬-২০১৭ অর্থ বৎসরের নিরীক্ষা সম্পাদন করা হয়। নিরীক্ষা চলাকালীন সময়ে হিসাব বিভাগের যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।

১। জনাব মোঃ আবুল কালাম আজাদ	হিসাব রক্ষণ কর্মকর্তা, কুষ্টিয়া পৌরসভা।
২। জনাব মোঃ সাইমুন সোহেল	হিসাব রক্ষক, কুষ্টিয়া পৌরসভা।

অভ্যন্তরীন নিরীক্ষা গাইড লাইন অনুসরন পূর্বক কুষ্টিয়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটির সদস্যদের দ্বারা এই নিরীক্ষা পরিলক্ষিত ও পরিচালিত হয়।

পৌরসভার হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটির পক্ষে

(জনাব মোঃ মতিয়ার রহমান মজনু)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটি
কাউন্সিলর
কুষ্টিয়া পৌরসভা।

অফিস প্রধানের সহিত আলোচনা ঃ-

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যদের সহিত আলোচনা করলাম এবং নিরীক্ষা বিষয়ে বিস্তারিত বিবরন অবহিত হলাম।

(আনোয়ার আলী)
মেয়র
কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।